

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭



স্মারক নং - ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩২৩.১৬ -

তারিখ : /০১/২০২১ খ্রি:

অফিস আদেশ

নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব) বর্তমানে ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত জনাব বরুন কুমার গুহ রায় নিজের বেতন বৈষম্য দূরীকরণ ও হয়রানি বন্ধের বিষয়ে জেলা প্রশাসক, নীলফামারী বরাবর স্মারকলিপি প্রদান করায় সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫১.৯৯.০০২.১৮.২৮২ তারিখ ৩০ আগস্ট ২০১৮ খ্রি মোতাবেক তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করার নির্দেশনা পাওয়া যায়।

২। সে মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.১৩২৩ তারিখ: ১৫ অক্টোবর, ২০১৮ মোতাবেক ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত জনাব বরুন কুমার গুহ রায় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে বিভাগীয় মামলা দায়ের পূর্বক প্রস্তুতকৃত অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়।

৩। অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী, তার প্রেরিত জবাব এবং তার বিরুদ্ধে অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব) জনাব বরুন কুমার গুহ রায় কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(১)(ক) এ বর্ণিত 'লঘুদন্ডের' আওতায় বিধি ৪(২)(ক) এ বর্ণিত 'তিরস্কার' (Censure) দন্ড প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪। এমতাবস্থায়, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব) বর্তমানে ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত জনাব বরুন কুমার গুহ রায় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের মাত্রা বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(১)(ক) এ বর্ণিত 'লঘুদন্ডের' আওতায় বিধি ৪(২)(ক) এ বর্ণিত 'তিরস্কার' (Censure) দন্ড প্রদান করা হলো।

৫। আদেশ জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ সানোয়ার হোসেন)
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর


জনাব বরুন কুমার গুহ রায়
ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব)
ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ,
ঠাকুরগাঁও

স্মারক নং - ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩২৩.১৬ - ২০ (০)

তারিখ : ০১/০১/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অধ্যক্ষ, ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও।
- ২। চিফ এ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সংশ্লিষ্ট কপি।


(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর